

বার্ষিক প্রতিবেদন

২০১৯-২০ অর্থ বছর



বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০

bpi.gov.bd

বার্ষিক প্রতিবেদন

২০১৯-২০ অর্থ বছর



বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০
bpi.gov.bd



বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

সম্পাদনায় : মাহবুবা ফারজানা
পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ),
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
: মোঃ সাহিদুজ্জামান
উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

প্রকাশনায় : বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা - ১২৩০
ফোন : ৮৮০-২-৪১০৯০০৩৫, ফ্যাক্স : ৮৮০-২-৮৯৩৩৩৩৬
ওয়েব সাইট: bpi.gov.bd

প্রকাশকাল : সেপ্টেম্বর, ২০২০



বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

প্রসঙ্গ কথা

বাংলাদেশ ইতোমধ্যে নিম্ন আয়ের দেশ হতে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার পথে। বাংলাদেশের মতো দেশের ক্রমবর্ধমান সামগ্রিক উন্নয়নে জ্বালানি শক্তির ভূমিকা অপরিসীম। সাম্প্রতিক বছরগুলোতে বাংলাদেশে জ্বালানির চাহিদা ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। এই চাহিদা পূরণে বিপিআই জ্বালানি (তেল, গ্যাস ও কয়লা) ও খনিজ সম্পদ খাতে রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থায় কর্মরত পেশাজীবী কর্মকর্তা/কর্মচারীগণকে প্রশিক্ষণ প্রদান করে কর্মদক্ষ জনবল গঠনের মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ খাতের কর্মদক্ষতা বৃদ্ধিতে সহায়তা করে আসছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট বর্তমান সময়ের প্রাসঙ্গিক ও বাস্তবমুখী প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দেশের জ্বালানি ও খনিজ সম্পদ অনুসন্ধান, উৎপাদন, বন্টন, ব্যবস্থাপনা ও উন্নয়নে ভূমিকা রাখে। বিপিআই দৃঢ়ভাবে বিশ্বাস করে যে প্রশিক্ষণ ও কর্মশালার মাধ্যমে দক্ষ জনবল তৈরী ও উন্নয়ন সাধন সম্ভব। দক্ষ জনবলই একটি সংস্থার/প্রতিষ্ঠানের প্রকৃত সম্পদ। বিগত কয়েক বছরের মধ্যে ২০১৯-২০ অর্থ বছরে করোনা ভারাসের মহামারির কারণে ০৩ টি কোর্স স্থগিত করার পরেও বিগত অন্যান্য বছরের চেয়ে বেশি পরিমাণ প্রশিক্ষণার্থী বিপিআই কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন প্রশিক্ষণ ও কর্মশালায় অংশগ্রহণ করেন। আমরা আশা করছি আগামীতে বিপিআই কর্তৃক অনুষ্ঠিতব্য বিভিন্ন প্রশিক্ষণ ও কর্মশালায় অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীর সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধি পাবে। জ্বালানি ও খনিজ সম্পদ খাতে উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ, কর্মশালা ও গবেষণার মানকে আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত করা ও গ্রহণযোগ্যতা অর্জনে বিপিআই সর্বদা অবিচল থাকবে।

এ কে মহিউদ্দিন অহমদ

মহাপরিচালক

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই)



বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

সূচিপত্র

ক্রমিক নং	পরিচ্ছেদ	বিষয়	পৃষ্ঠা নং
১।	প্রথম পরিচ্ছেদ	: বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট পরিচিতি	০১
২।	দ্বিতীয় পরিচ্ছেদ	: বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট - এর জনবল কাঠামো	০৫
৩।	তৃতীয় পরিচ্ছেদ	: প্রশিক্ষণ	০৭
৪।	চতুর্থ পরিচ্ছেদ	: বাজেট ও হিসাব (জুলাই ২০১৮ - জুন ২০১৯ অর্থ বছর)	১৮
৫।	পঞ্চম পরিচ্ছেদ	: বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট - এর অর্জন ও ভবিষ্যৎ পরিকল্পনা	২২
৬।		উপসংহার	২৩

প্রথম পরিচ্ছেদ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

ভূমিকা

১৯৮১ সালের জানুয়ারি মাসে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীনে উন্নয়ন প্রকল্প হিসাবে “বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট” নামে এ প্রতিষ্ঠানের যাত্রা শুরু হয়। ১৯৮১-৯২ এবং ১৯৯২-৯৬ সময়কালে দুই পর্যায়ে ইউএনডিপি, নোরাড ও বাংলাদেশ সরকারের অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়ন করা হয় এবং উল্লিখিত সময়ে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর নিজস্ব ভবনটি বাংলাদেশ সরকারের অর্থায়নে নির্মাণ করা হয়। পরবর্তীতে “বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট আইন-২০০৪” দ্বারা বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ-এর অধীনে একটি সংবিধিবদ্ধ সংস্থা হিসেবে আত্মপ্রকাশ করে। তেল, গ্যাস ও খনিজ খাতে কর্মরত কর্মকর্তা ও পেশাজীবীদের কারিগরি, প্রশাসনিক ও আর্থিক বিষয়ে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনবল সৃষ্টি, উচ্চতর গবেষণা, পেট্রোলিয়াম সংশ্লিষ্ট বিষয়ে যাবতীয় উপাত্তের সমন্বয়ে একটি ব্যবস্থাপনা ডাটা ব্যাংক এবং সংশ্লিষ্ট বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান করা বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর উদ্দেশ্য। বিপিআই ভবনটি উত্তরা মডেল টাউনে অত্যন্ত মনোরম পরিবেশে অবস্থিত। সম্প্রতি বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের মূল ভবনটি সংস্কার, মেরামত ও আধুনিকায়ন করার মাধ্যমে অধিকতর মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে (বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট) সহায়ক পরিবেশ তৈরীতে সক্ষমতা অর্জন করেছে।

বিপিআই এর পরিচালনা ব্যয় সরকারের রাজস্বখাত, পেট্রোবাংলা ও বিপিসি হতে অনুদান হিসেবে প্রাপ্ত অর্থ দ্বারা নির্বাহ করা হয়। এ ছাড়া প্রশিক্ষণ ও অন্যান্য খাত হতে প্রাপ্ত অর্থ দ্বারাও বিপিআই এর ব্যয় নির্বাহ করা হয়। তেল, গ্যাস ও খনিজ খাতে কর্মরত পেশাজীবীগণকে প্রশিক্ষণ প্রদান, গবেষণা ও উন্নয়ন কার্যাদি এবং শিক্ষামূলক সমন্বিত সমীক্ষা পরিচালনা, প্রযুক্তি হস্তান্তর ত্বরান্বিতকরণ ও প্রযুক্তির উৎকর্ষ সাধন ইত্যাদি কার্যাদি বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের নিকট ন্যস্ত করা হয়েছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের কর্মকান্ড ১০ সদস্য বিশিষ্ট গভর্নিং বোর্ডের নির্দেশনা মোতাবেক পরিচালিত হচ্ছে। প্রতিবেদনাধীন সময়ে বিপিআই গভর্নিং বোর্ডের ০৩(তিন)টি বোর্ড সভা অনুষ্ঠিত হয়েছে।



বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

রূপকল্প (Vision)

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটকে আন্তর্জাতিকভাবে স্বীকৃত মানের সেন্টার অফ এক্সেলেন্স (Centre of Excellence) হিসাবে গড়ে তোলা।

অভিলক্ষ্য (Mission)

তেল, গ্যাস ও খনিজ সম্পদ খাতে মানসম্পন্ন প্রশিক্ষিত মানব সম্পদ তৈরী।
কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. মানসম্পন্ন প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন
২. ওয়ার্কসপ/সেমিনার আয়োজন
৩. তেল, গ্যাস ও খনিজ সম্পদ বিষয়ে গবেষণা ও উন্নয়ন

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর উপর অর্পিত কার্যাবলি-

(ক) তেল, গ্যাস ও খনিজ সম্পদ খাতের সকল পেশাজীবী ও কর্মকর্তার উচ্চতর প্রশিক্ষণ, উক্ত খাতের গবেষণা ও উন্নয়ন এবং শিক্ষা বিষয়ক কর্মকান্ড পরিচালনা ও ক্রমান্বয়ে এই সকল কর্মকান্ডের মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীতকরণের লক্ষ্যে উপযোগী স্থাপনাদি উন্নয়ন ও সুযোগ সৃষ্টি এবং সংশ্লিষ্ট বিষয়ে উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ ও প্রকাশ করা;

(খ) তেল, গ্যাস ও খনিজ অনুসন্ধান কাজের সাথে সংশ্লিষ্ট সমীক্ষা, পরীক্ষা, উপাত্ত প্রক্রিয়াকরণ, বিশ্লেষণ ইত্যাদি পরিচালনা এবং এতদসংক্রান্ত গবেষণা পরিচালনা করা;

(গ) বিভিন্ন দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ের সরকারি, বেসরকারি সংস্থা ও বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ স্থাপন এবং ইন্সটিটিউটের কর্মকান্ডের ক্ষেত্রে আন্তর্জাতিক গ্রহণযোগ্যতা অর্জন ও স্বীকৃতি লাভের জন্য যৌথ কর্মসূচি গ্রহণ করা;

(ঘ) আধুনিক তথ্য প্রযুক্তির সাহায্যে তেল, গ্যাস ও খনিজ বিষয়ক একটি জাতীয় তথ্য ব্যাংক স্থাপন এবং ইন্সটিটিউট-কে পেট্রোলিয়াম ও খনিজ সম্পদ সেক্টরের রেফারেন্স কেন্দ্র হিসাবে প্রতিষ্ঠা করা;

(ঙ) জাতীয় তথ্য ব্যাংকে সংগৃহীত ও সংরক্ষিত বিভিন্ন উপাত্ত, প্রতিবেদন সংক্রান্ত তথ্য প্রকাশ ও বিক্রয় করা;

(চ) ইন্সটিটিউট কর্তৃক প্রদত্ত সার্ভিস ও ইন্সটিটিউট পরিচালিত যাবতীয় কর্মকান্ডের জন্য গভর্নিং বোর্ড কর্তৃক ধার্যকৃত ও অনুমোদিত হারে “ফি”গ্রহণ করা;



বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

(ছ) ইন্সটিটিউটের প্রশিক্ষণ, গবেষণা ও উন্নয়ন কর্মকান্ডের জন্য প্রয়োজনীয় পরীক্ষাগার, ওয়ার্কশপ, ডরমিটরি ও অন্যান্য সুবিধাদি স্থাপন এবং রক্ষণাবেক্ষণ করা ও প্রাতিষ্ঠানিক উৎকর্ষ সাধনে বিশ্বের অন্যত্র পরিচালিত অনুরূপ ইন্সটিটিউটের সাথে যোগাযোগ ও সম্পর্ক স্থাপন করা।

গভর্নিং বোর্ড

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) এর কর্মকান্ড নিম্নবর্ণিত ১০ (দশ) জন বোর্ড সদস্যদের নির্দেশনা মোতাবেক পরিচালিত হচ্ছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের মহাপরিচালক বোর্ডের সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করেন।

ক্রমিক নং	পদবী ও সংস্থার নাম	বোর্ডের সদস্য
(১)	সিনিসয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	চেয়ারম্যান
(২)	চেয়ারম্যান, বিপিসি	সদস্য
(৩)	চেয়ারম্যান, পেট্রোবাংলা	সদস্য
(৪)	বিভাগীয় প্রধান, পেট্রোলিয়াম এন্ড মিনারেল রিসোর্সেস ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট, বুয়েট	সদস্য
(৫)	যুগ্ম-সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ	সদস্য
(৬)	যুগ্ম-সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়	সদস্য
(৭)	মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর	সদস্য
(৮)	চেয়ারম্যান, ভূতত্ত্ব বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়	সদস্য
(৯)	বাংলাদেশ জিওলজিক্যাল সোসাইটির মনোনীত প্রতিনিধি	সদস্য
(১০)	মহাপরিচালক, বিপিআই	সদস্য সচিব




বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

প্রাতিষ্ঠানিক সদস্য পদ

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট, প্রশিক্ষণ ও উন্নয়ন সংশ্লিষ্ট একটি দেশীয় সমিতি “Bangladesh Society for Training and Development (BSTD)” এর প্রাতিষ্ঠানিক সদস্য।

ইন্সটিটিউটের অবস্থান

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট ঢাকা নগরীর শেষ প্রান্তে উত্তরার ৮ নম্বর সেক্টরের ৫/এ নং প্লটে অত্যন্ত মনোরম পরিবেশে অবস্থিত।



চিত্র- ১ বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের অবস্থানগত মানচিত্র।



দ্বিতীয় পরিচ্ছেদ

বিপিআই এর জনবল কাঠামো

বিপিআই সীমিত সংখ্যক জনবল নিয়ে তার কর্মসূচি নির্ধারিত সময়ে সম্পন্ন করতে সচেষ্ট থাকে। ইতোমধ্যে বিপিআই এর অপ্রতুল জনবল জনিত সমস্যা নিরসনে গভর্নিং বোর্ড কর্তৃক অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুসারে পদ সৃজনের সরকারি আদেশ (জিও) জারি করা হয়েছে এবং অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাঙ্কন করা হয়েছে। অনুমোদিত জনবল কাঠামো অনুসারে অত্র প্রতিষ্ঠানে বর্তমান জনবলের চিত্র নিম্নরূপ:

ক্রমিক নং	পদের নাম	পদ সংখ্যা	কর্মরত	শূন্য	মন্তব্য
১।	মহাপরিচালক	০১	০১	--	প্রেষণে নিয়োজিত
২।	পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ)	০১	০১	--	প্রেষণে নিয়োজিত
৩।	প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পিএসও)	০২	০০	০২	০১ জন সংযুক্তিতে নিয়োজিত
৪।	উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা	০৩	০১	০২	
৫।	উপ-পরিচালক	০২	০০	০২	
৬।	বৈজ্ঞানিক কর্মকর্তা (এসও)	০৮	০০	০৮	
৭।	সহকারী পরিচালক	০৪	০০	০৪	০২ জন সংযুক্তিতে নিয়োজিত
	১ম শ্রেণির মোট	২১	০৩	১৮	
৮।	হিসাব রক্ষক-কাম-ক্যাশিয়ার	০১	০১	--	
৯।	টেকনিশিয়ান (ল্যাব/কম্পিউটার)	০২	০১	০১	
১০।	পিএ	০৩	০১	০২	
১১।	নকশাকার	০১	০১	--	
১২।	সহকারী (স্টোর/হিসাব/প্রশিক্ষণ/লাইব্রেরি)	০৪	০৩	০১	
১৩।	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০৩	০২	০১	
১৪।	গাড়িচালক	০৪	০২	০২	
	৩য় শ্রেণির মোট	১৮	১১	০৭	
১৫।	ম্যাপ কপিয়ার/এমোনিয়া প্রিন্টার/পিপিসি অপারেটর	০২	০২	--	
১৬।	ল্যাব এটেনডেন্ট	০১	০১	--	
১৭।	অফিস সহায়ক (উচ্চ স্কেল)	০১	০১	--	
১৮।	অফিস সহায়ক	০৬	০৬	--	
১৯।	নিরাপত্তা প্রহরী	০৩	০৩	--	
২০।	ঝাড়ুদার	০১	০১	--	
২১।	মালী	০১	০১	--	
	৪র্থ শ্রেণির মোট	১৫	১৫	--	
	সর্বমোট: (১ম+৩য়+৪র্থ)	৫৪	৩৪	২১	

বিপিআই এর জনবল কাঠামো অনুযায়ী বর্তমানে ২১ টি পদ শূন্য আছে। তন্মধ্যে প্রথম শ্রেণির ১৮ টি পদ শূন্য থাকায় প্রশিক্ষণ ও গবেষণা কাজ ব্যাহত হচ্ছে। নিজস্ব জনবলের অভাবে শতভাগ প্রশিক্ষকই সরকারি কর্মকর্তা,



জ্বালানি খাত বিষয়ক অভিজ্ঞ কর্মকর্তা, বাংলাদেশ আণবিক শক্তি কমিশন, ঢাকা বিশ্ববিদ্যালয়, জাহাজীরনগর বিশ্ববিদ্যালয় ও বুয়েটের শিক্ষকদের মধ্য হতে আগত আমন্ত্রিত অতিথি প্রশিক্ষক দ্বারা সকল প্রশিক্ষণ কোর্স-ই পরিচালনা করা হয়।

সম্প্রতি “বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০১৬” গেজেট বিজ্ঞপ্তি আকারে প্রকাশিত হয়েছে। বর্তমানে শূন্য পদে জনবল নিয়োগের বিষয়টি প্রক্রিয়াকরণ করা হচ্ছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর শূন্য পদ সমূহ জনবল নিয়োগের মাধ্যমে পূরণ করা হলে মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদান ও গবেষণা কার্য পরিচালনা করতে সমর্থ হবে।

বিপিআইকে একটি আন্তর্জাতিক মানের প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসাবে গড়ে তুলতে হলে বর্তমান জনবল কাঠামোর পুনর্গঠন এবং প্রশিক্ষণ সংশ্লিষ্ট প্রয়োজনীয় যুগোপযোগী যন্ত্রপাতি সংগ্রহ করা প্রয়োজন। প্রতিবেদনাধীন সময়ে বিপিআই জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রত্যক্ষ সহযোগিতায় “বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর নতুন ভবন নির্মাণ ও প্রশিক্ষণ সংশ্লিষ্ট যন্ত্রপাতি, সফটওয়্যার (Training related equipments software) ও আসবাবপত্র সংগ্রহ” শীর্ষক প্রকল্প প্রস্তাবনা প্রেরণ করেছে।



বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

তৃতীয় পরিচ্ছেদ

প্রশিক্ষণ

প্রশিক্ষণ

বিপিআই-এর ২০১৯-২০ অর্থ বছরের প্রশিক্ষণ কোর্স ক্যালেন্ডার প্রণয়নের প্রাক্কালে জ্বালানি ও খনিজ সম্পদ সেক্টরের বিভিন্ন প্রতিষ্ঠান/সংস্থা/কোম্পানি সমূহের প্রতিনিধিগণের সমন্বয়ে প্রশিক্ষণের চাহিদা নিরূপণের জন্য একটি সভা ২০ মে, ২০১৯ ইং তারিখে আয়োজন করা হয়। উক্ত সভায় ২০১৮-১৯ অর্থ বছরে বাস্তবায়িত কোর্সের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় উপস্থিত প্রতিনিধিগণের চাহিদা ও মতামতের ভিত্তিতে বিপিআই এর ২০১৯-২০ অর্থ বছরের জন্য নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্স ক্যালেন্ডার (সারণী-১) প্রণয়ন করা হয়, যা বিপিআই গভর্নিং বোর্ডের ৬৬তম সভায় অনুমোদিত হয়।

সারণী ১ : ২০১৯-২০ অর্থ বছরের অনুমোদিত প্রশিক্ষণ কোর্স ও কর্মশালার তালিকা

Bangladesh Petroleum Institute (BPI)

List of Training Courses for 2019-20

Training Courses:

Sl. No.	Name of the Training	Date and Duration
1	APA Performance Monitoring, Evaluation & Related Topics	21-25 July, 2019 05 Days
2	Material Engineering Codes & Standards	28 July - 01 August, 2019 05 Days
3	Fire Fighting, First Aid and Rescue Operation	30 July - 01 August, 2019 03 Days
4	Public Procurement Act, 2006 & PPR 2008	25-29 August, 2019 05 Days
5	Audit Management : Objections and Disposals	01-05 September, 2019 05 Days
6	Project Management	15-26 September, 2019 10 Days
7	Taxation and VAT Management	13-17 October, 2019 05 Days
8	Gas Metering and Pipeline Control System	20-24 October, 2019 05 Days
9	Handling of Disciplinary Cases and Conducting Departmental Inquiry	27-31 October, 2019 05 Days
10	Plant Operation and Maintenance (with TICI)	11 - 21 November, 2019 10 Days




Sl. No.	Name of the Training	Date and Duration
11	Human Resources Management (HRM) and Good Governance	17-21 November, 2019 05 Days
12	Occupational Safety, Health & Environmental Management	24-28 November, 2019 05 Days
13	Techniques of Presentation Skill and Report Writing	01-05 December, 2019 05 Days
14	Corrosion Control and Cathodic Protection	08-12 December, 2019 05 Days
15	Sustainable Development Goal (SDG)	10-12 December, 2019 05 Days
16	Innovative Ideas & Skills	22-23 December, 2019 5 Days
17	Design, Construction, Operation & Maintenance of Gas Pipeline	29 Dec, 2019 - 09 Jan, 2020 05 Days
18	Labor Act, Rules, Policies & Human Rights	12-16 January, 2020 05 Days
19	Welding and Non Destructive Testing (NDT)	19-23 January, 2020 05 Days
20	Conflict and Stress Management	19-23 January, 2020 05 Days
21	Gas Network Analysis	02-06 February, 2020 05 Days
22	Capacity Enhancement to Facilitate Services	16-17 February, 2020 02 Days
23	Office Management	01-05 March, 2020 05 Days
24	Fire Fighting, First Aid and Rescue Operation	22-24 March, 2020 03 Days
25	Manner, Etiquette, Conduct & Discipline	29 March-02 April, 2020 05 Days
26	Essential Managerial Skills & Techniques	19-23 April, 2020 05 Days

Workshop for 2019–20


Sl. No.	Name of the Workshop	Date and Duration
1	Annual Confidential Report (ACR) Writing	August 5, 2018 (01 Day)
2	The Right to Information Act 2009	October 01, 2018 (01 Day)
3	National Integrity Strategy [NIS]	October 7, 2018 (01 Day)
4	Orientation on Innovation	November 12, 2018 (01 Day)
5	Geology for Non-Geologists	November 04-05, 2019 (02 Days)
6	Annual Performance Agreement (APA)	December 18-19, 2020 (02 Days)
7	Annual Confidential Report (ACR) Writing	January 7, 2019 (01 Day)

২০১৯-২০ অর্থ বছরে বিপিআই গভর্নিং বোর্ডের অনুমোদিত প্রশিক্ষণ সূচি হতে ২২ টি প্রশিক্ষণ কোর্স ও ০৬ টি ওয়ার্কসপ এবং অনুরোধে আয়োজিত বাংলাদেশ সেনা বাহিনীর জন্য ১টি প্রশিক্ষণ, বাপেক্সের জন্য ১ টি প্রশিক্ষণ ও তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোং লি: এরজন্য ১ টি প্রশিক্ষণ, বসুন্ধরা এলপি গ্যাস লিমিটেডের জন্য ১ টি ও ওমেরা পেট্রোলিয়াম লিমিটেডের জন্য ১ টি প্রশিক্ষণের এর মাধ্যমে মোট ১,০২১ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়াও বিপিআই এর কর্মকর্তা/ কর্মচারিগনের জন্য ০৭ টি আভ্যন্তরীণ প্রশিক্ষণ/ কর্মশালা আয়োজন করা হয়। বিপিআই এর স্বল্প জনবল থাকা সত্ত্বেও সকল প্রশিক্ষণ কর্মসূচিই সফলভাবে সম্পন্ন হয়েছে। তবে করোনা ভাইরাসের মহামারির কারণে বিধিবদ্ধ প্রশিক্ষণ সমূহের মধ্যে ০৩ টি প্রশিক্ষণ স্থগিত করা হয়েছে। নিম্নে বাস্তবায়িত প্রশিক্ষণ কোর্স ও ওয়ার্কসপ (সংযোজনী ০১) এ অংশগ্রহণকারীর সংখ্যা পাই চিত্রের মাধ্যমে প্রদর্শন করা হল।




চিত্র- ২: ২০১৯ - ২০ অর্থবছরে বাস্তবায়িত কোর্সের সংখ্যা ।

২০১৯-২০ অর্থবছরে কারিগরি প্রশিক্ষণে
অংশগ্রহণকারী প্রশিক্ষার্থীর সংখ্যা




চিত্র- ২: ২০১৯-২০ অর্থ বছরে বাস্তবায়িত কারিগরি প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা।


২০১৯-২০ অর্থবছরে অকারিগরি প্রশিক্ষণে
অংশগ্রহণকারী প্রশিক্ষার্থীর সংখ্যা



চিত্র- ৩: ২০১৯-২০ অর্থবছরে বাস্তবায়িত অ-কারিগরি/প্রশাসনিক ও আর্থিক প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা।




চিত্র- ৪: ২০১৯ - ২০ অর্থ বছরে বাস্তবায়িত কর্মশালায় অংশগ্রহণকারীর সংখ্যা।



চিত্র- ৫: ২০১৯ - ২০ অর্থ বছরে বিভিন্ন প্রতিষ্ঠান কর্তৃক অনুরোধে বাস্তবায়িত প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা।



বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন কর্মশালা ও প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা ক্রমাগত বাড়ছে। নিম্নের স্তম্ভ লেখচিত্র বিগত সাত অর্থ বছরের (২০১৩-১৪ থেকে ২০১৯-২০ পর্যন্ত) বিপিআই এ অনুষ্ঠিত প্রশিক্ষণ ও কর্মশালায় অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীর সংখ্যা নির্দেশ করছে। লেখচিত্রে দেখা যাচ্ছে যে, বিগত সাত অর্থ বছরের মধ্যে ২০১৯ - ২০ অর্থ বছরে অনুষ্ঠিত কর্মশালা ও প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীর সংখ্যা সবচেয়ে বেশি।



চিত্র- ৬: বিগত অর্থবছর ও ২০১৯-২০ অর্থবছরে বাস্তবায়িত প্রশিক্ষণ ও কর্মশালায় অংশগ্রহণকারীর সংখ্যার তুলনামূলক চিত্র।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) কর্তৃক বাস্তবায়িত প্রশিক্ষণ প্রদান ও কর্মশালা সংক্রান্ত কিছু কর্মকান্ডের চিত্র নিয়ে প্রদান করা হল।



চিত্র- ৭: ২০১৯-২০ অর্থবছরে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) কর্তৃক বাস্তবায়িত প্রশিক্ষণ ও কর্মশালার কিছু খন্ডচিত্র।



চিত্র- ৮: ২০১৯-২০ অর্থবছরে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) কর্তৃক বাস্তবায়িত প্রশিক্ষণ ও কর্মশালার কিছু খন্ডচিত্র।

প্রশিক্ষণ প্রদান করা ছাড়াও বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) বিভিন্ন কর্মকান্ডে সক্রিয় অংশগ্রহণ করে এবং বিভিন্ন কর্মসূচি গ্রহণ করে। নিম্নে আলোচিত কিছু কর্মকান্ড ও কর্মসূচির চিত্র প্রদান করা হল।



চিত্র- ৯: স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪ তম শাহাদত বার্ষিকীতে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন।



চিত্র- ১০: বিপিআই কার্যালয়ের সৌন্দর্য বর্ধন কর্মসূচি।



চিত্র- ১১: এসেম্বলি পয়েন্ট স্থাপন।



2020-2-4 13:02



2020-2-4 10:20

চিত্র- ১২: কোভিড - ১৯ মহামারীর সময়ে দৃশ্যমান স্থানে সচেতনতামূলক ব্যানার স্থাপন।



2020-1-30 14:28



2020-1-30 14:48

চিত্র- ১৩: কোভিড - ১৯ মহামারীর পূর্বক্ষণে চেতনতামূলক প্রশিক্ষণ কর্মসূচি।



চিত্র- ১৪: বৃক্ষ রোপন কর্মসূচির একাংশ।



2019-12-5 13:34

চিত্র- ১৫: বিপিআই কর্তৃক আয়োজিত অংশীজনের অংশগ্রহণে সভার খন্ড চিত্র।



নিজস্ব কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) এর কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধিকল্পে দেশের অভ্যন্তরে ও বিদেশে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য প্রেরণ করে। প্রতিবেদনাধীন বছরে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের ১জন কর্মকর্তা বিদেশে এবং ৯জন কর্মকর্তা ও ২০ জন কর্মচারী (মোট ২৯ জন) দেশের অভ্যন্তরে বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণ কোর্স, ওয়ার্কশপ ও সেমিনারে অংশগ্রহণ করেন।

গ্রন্থাগার

প্রশিক্ষক ও গবেষকদের চাহিদা মেটাতে বিপিআইতে একটি সমৃদ্ধ গ্রন্থাগার রয়েছে। ২৯৬৪টি পুস্তক সমৃদ্ধ গ্রন্থাগারটিতে বেশির ভাগ কারিগরি বিষয়ের বই রয়েছে। তাছাড়া কিছু বিদেশি জার্নাল, প্রশাসনিক ও অন্যান্য পাঠ্য সামগ্রী রয়েছে। প্রতিবেদনাধীন সময়ে “নির্বাচিত ১০০ ভাষণ”, “বাংলাদেশের অগ্রগতি ও সমবৃদ্ধির দশবছর ২০০৯-২০১৮” ৫ কপি, “চাকরির বিধানাবলী” ৩কপি বই লাইব্রেরির জন্য সংগ্রহ করা হয়। গ্রন্থাগারের বই উত্তোলন ও জমার ব্যবস্থা সনাতন নিয়মে হাতে কলমে খাতায় লিপিবদ্ধ করে পরিচালনা করা হয়।



চতুর্থ পরিচ্ছেদ

বাজেট ও হিসাব (২০১৯-২০ অর্থ বছর)

বাজেট ও হিসাব

বিপিআই এর আর্থিক হিসাব ও ব্যবস্থাপনার জন্য একটি হিসাব শাখা রয়েছে। যাবতীয় আয়-ব্যয়, আর্থিক লেনদেন সহআর্থিক ব্যবস্থাপনার দায়িত্ব এ শাখা পালন করে থাকে।

বিপিআই একটি সংবিধিবদ্ধ সংস্থা হলেও সরকারি হিসাব পদ্ধতিই এখানে চালু রয়েছে। বিপিআই এর নিম্নলিখিত উৎস হতে তহবিল প্রাপ্ত হয় :

(ক) সরকারি অনুদান

(খ) পেট্রোবাংলার অনুদান

(গ) বিপিসির অনুদান

(ঘ) নিজস্ব আয়

সারণী ২ : ২০১৯-২০ অর্থ বছরের আয়

ক্রমিক নং	উৎস	পরিমাণ
১।	সরকারি অনুদান	২,৭৭,৫২,০০০.০০
২।	পেট্রোবাংলা	৮০,০০,০০০.০০
৩।	বিপিসি	১৫,০০,০০০.০০
৪।	প্রশিক্ষণ ফি ও অন্যান্য	৮৭,৩৩,৭১৯.৩০
৫।	এফডিআর এর সুদ	৫৪,৭১,৫৬২.০০
৬।	এসটিডির সুদ	১,৬৭,৫০৭.০০

বিপিআই পরিচালনার জন্য ২০১৯-২০ অর্থ বছরে ৪,৮৬,৯০,০০০/- (চার কোটি ছিয়াশি লক্ষ নব্বই হাজার) টাকার বাজেট (মূল বাজেটে) গভর্নিং বোর্ড কর্তৃক অনুমোদিত হয়। তবে ২০১৯-২০ অর্থ বছরের প্রস্তাবিত সংশোধিত বাজেটে ৪,০৪,৮৯,৫২৬/৩৫ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়। অনুমোদিত ২০১৯-২০২০ অর্থ বছরের বিপরীতে সর্বমোট ব্যয় হয় ৩,৮৬,৪৩,৬৩৪.৬২ (তিন কোটি ছিয়াশি লক্ষ তেতাল্লিশ হাজার ছয়শত চৌত্রিশ টাকা বাষটি পয়সা মাত্র) টাকা। উল্লেখ্য, বিপিআই এর ২০১৯-২০ অর্থ বছরের বাজেটে সরকারের সাধারণ মঞ্জুরী অনুদান হিসাবে প্রাপ্ত ২,৭৭,৫২.০০০ (দুই কোটি সাতাত্তর লক্ষ বায়ান্ন হাজার) টাকা হতে জুলাই, ২০১৯ হতে জুন, ২০২০ মাস পর্যন্ত কর্মকর্তা ও কর্মচারীগণের বেতন-ভাতা খাতে ব্যয় হয় ২,৫৯,০৬,১০৮.২৭ (দুই কোটি উনষাট লক্ষ ছয় হাজার একশত আট টাকা সাতাশ পয়সা) টাকা এবং অবশিষ্ট অব্যয়িত ১৮,৪৫,৮৯১.৭৩ (আঠার



লক্ষ পঁয়তাল্লিশ হাজার আটশত একান্ন টাকা তিহাতর পয়সা) টাকা সরকারি কোষাগারে সমর্পণ/ফেরত প্রদান করা হয়।

হিসাব নিরীক্ষা

বিদ্যুৎ, জ্বালানি ও প্রাকৃতিক সম্পদ অডিট অধিদপ্তর কর্তৃক বিপিআই এর ২০১০-১২ সময়কালের আর্থিক নিরীক্ষায় ১টি এবং ২০১২-১৮ সময়কালের আর্থিক নিরীক্ষায় ৪টি সহ মোট (১+৪) = ৫টি অডিট আপত্তি অনিষ্পন্ন আছে। উল্লেখ্য, গত ১৭/০৬/২০১৯ তারিখে বিদ্যুৎ, জ্বালানি ও প্রাকৃতিক সম্পদ অডিট অধিদপ্তরে অনুষ্ঠিত Exit Meeting- এ ২০১২-১৮ সময়কালের আর্থিক নিরীক্ষার ৪টি অডিট আপত্তির মধ্যে ৩টি অডিট আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। Exit Meeting-এর সিদ্ধান্ত অনুযায়ী বিপিআই এর ২০১২-১৮ সময়কালের আর্থিক নিরীক্ষার ৩টি অডিট আপত্তি নিষ্পত্তিমূলক পত্র জারির বিষয়ে উক্ত অডিট অধিদপ্তরে পত্র প্রেরণের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। প্রেরিত পত্রের বিষয়ে এখন পর্যন্ত কোন জবাব পাওয়া যায়নি। তবে উক্ত ৩টি অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে বিদ্যুৎ, জ্বালানি ও প্রাকৃতিক সম্পদ অডিট অধিদপ্তরের সাথে আলোচনা করার জন্য দ্বি-পক্ষীয় সভা আয়োজনের দিন-ক্ষন নির্ধারণের বিষয়ে বিপিআই হতে গত ১০/০৩/২০২০ তারিখে উক্ত অডিট অধিদপ্তরের পত্র প্রেরণ করা হয়েছে।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (The Annual Performance Agreement):

সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি (Government Performance Management System) এর আওতায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ-এর সঙ্গে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর বার্ষিক ২০১৯-২০ অর্থ বছরের কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী বিপিআই এর কার্যসমূহ এর মান অত্যন্ত ভাল।

ই-নথি

প্রতিবেদনাধীন সময়ে বিপিআই ই-নথির মাধ্যমে কার্যক্রম শুরু করে। এটুআই (Access to Information) কর্তৃক দপ্তর/সংস্থা (ছোট ক্যাটাগরি)-এর কার্যক্রমের জানুয়ারি ২০২০ মাসের বিস্তারিত রিপোর্টে ১৮২ টি সংস্থার মধ্যে বিপিআই-এর অবস্থান ১৯ তম।



বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

ইনোভেশন

২০১৯-২০ অর্থ বছরে বিপিআই-এ ইনোভেশন সংক্রান্ত ২ দিনের ১টি ও ১ দিনের ১টি কর্মশালার আয়োজন করা হয় এবং সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধি শীর্ষক ২ দিনের প্রশিক্ষণ আয়োজন করা হয়। এতে বিপিআই-এর ৮ জন কর্মকর্তাসহ জ্বালানি ও খনিজ সম্পদ খাতের বিভিন্ন প্রতিষ্ঠানের মোট ১১৬ জন প্রশিক্ষণার্থী অংশ গ্রহণ করেন। এছাড়া জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আয়োজনে সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধি শীর্ষক ২ দিনের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। এতে বিপিআই এর ২ জন কর্মকর্তা অংশ গ্রহণ করেন।

শুদ্ধাচার

বিপিআই, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনা অনুযায়ী শুদ্ধাচার কর্মকৌশল বাস্তবায়ন কাঠামো প্রণয়ন করে এবং সে অনুযায়ী সময়ভিত্তিক কর্মপরিকল্পনা বাস্তবায়নে সচেষ্ট হয়। উল্লেখ করা প্রয়োজন যে, শুদ্ধাচার পুরস্কার নীতিমালা, ২০১৭ অনুযায়ী ২০১৯-২০ অর্থ বছরের জনাব মাহবুবা ফারজানা, পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) এবং ১৬ গ্রেডভুক্ত কর্মচারী জনাব মো: আবুল খায়ের, অফিস সহায়ক-কে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়।

SIP (Small Improvement Project)

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট-এর ২০১৯-২০২০ অর্থ বছরে নিম্নবর্ণিত SIP কার্যক্রম গ্রহণ করা হয়।

১। বিপিআই ভবনের সিড়িতে রেলিং লাগানো।



 **Bangladesh Petroleum Institute** 

HOME EMPLOYEE REGISTER LOGOUT

Home > Employee Info

Employee Details					
আইডি	কর্মচারীর নাম :	পদবী :	জন্ম তারিখ	সম্মুখীতে যোগদানের তারিখ	পুরীত ছুটি দিন
1	জনাব মোঃ শহজাহান	ইউ.প. পরিচালক	01-12-1960	15-01-1991	401

Employee Leave Details																																
ক্রমিক নং:	কার্যকাল			গড় বেতনে অর্জিত ছুটি		অর্ধগড় বেতনে অর্জিত ছুটি		পূর্বের প্রোগ্রাম সহ গড় বেতনে অর্জিত ছুটি প্রাপ্য		পূর্বের প্রোগ্রাম সহ অর্ধগড় বেতনে অর্জিত ছুটি প্রাপ্য		পুরীত ছুটি			অবশিষ্ট প্রাপ্য অর্জিত ছুটি																	
	হইতে	পর্যন্ত	মোট	বছর	দিন	বছর	দিন	বছর	দিন	বছর	দিন	হইতে	পর্যন্ত	গড় বেতনে	অর্ধগড় বেতনে	বিনা বেতনে	গড় বেতনে	অর্ধগড় বেতনে														
1	2	3	4	5	6	7	8	9	10	11	12	12.1	7-11	13	8-12	14	বছর	দিন	বছর	দিন												
1	15-01-1991	11-09-1993	2	7	26	0	2	27	0	2	20	0	2	27	0	2	20	0	2	27	0	2	20	0	2	20	0	2	20	0	2	20

চিত্র- ১৬ ২০১৮-১৯ অর্থবছরে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) কর্তৃক বাস্তবায়িত কিছু কর্মকান্ড।



পঞ্চম পরিচ্ছেদ

বিপিআই এর অর্জন ও ভবিষ্যৎ পরিকল্পনা

অর্জন

তেল, গ্যাস ও খনিজ খাতে সময়ের চাহিদা অনুসারে প্রশিক্ষণ প্রদান, গবেষণা পরিচালনা ও কারিগরি জ্ঞান বিনিময়ের জন্য যে দক্ষ জনশক্তির প্রয়োজন বিপিআই এ তা অপ্রতুল। তবে ইতোমধ্যে “বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৬” গেজেট আকারে প্রকাশিত হয়েছে। চাকরি প্রবিধানমালা হওয়ার পর বিপিআই শূন্য পদে জনবল নিয়োগের উদ্যোগ গ্রহণ করেছে। ফলে শূন্য পদে যোগ্য ও দক্ষ জনবল নিয়োগের মাধ্যমে বিপিআই জনবল সংক্রান্ত সংকট নিরসনে সক্ষম হবে।

এ ছাড়া বিপিআই প্রতিবেদনাধীন সময়ে নিম্নোক্ত কার্যক্রম সফলভাবে সম্পন্ন করেছে :

- অর্জিত ছুটির হিসাব বিবরণী সংক্রান্ত সফটওয়্যার তৈরি করা হয়েছে;
- প্রশিক্ষণার্থীদের মতামত প্রদানের ফরম অনলাইনে চালুকরণ;
- প্রতিবন্ধীদের প্রবেশগম্যতা তৈরি;

ভবিষ্যৎ পরিকল্পনা

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) এর সক্ষমতা বৃদ্ধির জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনায় এবং অত্র সেক্টরের বিভিন্ন প্রতিষ্ঠানের সহযোগিতায় সীমিত আকারে বিপিআই এর অবকাঠামোগত মেরামত ও সংস্কার কার্যক্রম সম্পন্ন হয়। এছাড়া বিপিআই এর চাকুরি প্রবিধানমালা গেজেট আকারে প্রকাশিত হওয়ার পর শূন্য পদে জনবল নিয়োগ প্রক্রিয়া শুরু হয়। আশা করা যায় বিপিআই এর শূন্য পদ সমূহ যোগ্যতা সম্পন্ন জনবল দ্বারা পূরণ করা সম্ভব হবে এবং প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে গতিশীলতা আসবে। ইতোমধ্যে বিপিআই প্রশিক্ষণার্থীদের সুবিধার্থে ২৪ শয্যাবিশিষ্ট ডরমিটরি প্রস্তুত সম্পন্ন হয়েছে। ফলে প্রশিক্ষণার্থীদের যে আবাসিক সংকট ছিল তা দূর হয়। ইতোমধ্যে “বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর নতুন ভবন নির্মাণ ও প্রশিক্ষণ সংশ্লিষ্ট যন্ত্রপাতি, সফটওয়্যার (Training Related Equipments Software) ও আসবাবপত্র সংগ্রহ” শীর্ষক প্রকল্প গ্রহণ এবং বর্তমান জনবল কাঠামোকে পুনর্গঠন করার উদ্যোগ নেয়া হয়েছে।



বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

উপসংহার

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) ১৯৮১ সালে প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে জ্বালানি খাতে নিয়োজিত কারিগরি জনবলের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান ও গবেষণা পরিচালনা করে আসছে। বিপিআই অপ্রতুল জনবল, ভৌত সুবিধাদি, প্রশিক্ষণ সংশ্লিষ্ট যন্ত্রপাতি, সফটওয়্যার ও আসবাবপত্রের যে সংকট রয়েছে তা সুরাহা করার জন্য ইতোমধ্যে উদ্যোগ গ্রহণ করেছে। এ সকল উদ্যোগের ফলে আশা করা যায়, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট জ্বালানি খাতে মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ মানব সম্পদ উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করবে। প্রতিষ্ঠানটি অচিরেই সকল সমস্যা কাটিয়ে উঠে তার উপর ন্যস্ত দায়িত্ব পালনে সক্ষম হবে। জ্বালানি খাতে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তুলে এ ইন্সটিটিউট তেল ও গ্যাস অনুসন্ধান, উৎপাদন ও বিতরণ প্রক্রিয়ার সাথে সম্পর্কযুক্ত বিভিন্ন সংস্থা ও দপ্তরের সক্ষমতা বৃদ্ধিতে অবদান রাখবে। ফলে জ্বালানি খাতে দক্ষ জনবলের ক্ষেত্রে বিদেশ নির্ভরতা হ্রাস করে নিজস্ব দক্ষ মানব সম্পদ গঠনে কার্যকর ভূমিকা রাখবে।

-----*****-----



বিপিআই কর্তৃক ২০১৮-১৯ অর্থ বছরের বাস্তবায়িত প্রশিক্ষণ কোর্স ও ওয়ার্কশপের তালিকাঃ

ক্র. নং	প্রশিক্ষণের নাম	প্রশিক্ষণার্থীর সংখ্যা	মেয়াদ
Technical			
০১।	Material Engineering Codes & Standards	২৩ জন	২৪ জুলাই - ০১ আগস্ট, ২০১৯
০২।	Gas Metering and Pipeline Control System	২৮ জন	২০ - ২৪ অক্টোবর, ২০১৯
০৩।	Plant Operation and Maintenance (with TICI)	১৬ জন	১১ - ২১ নভেম্বর, ২০১৯
০৪।	Corrosion Control and Cathodic Protection	২২ জন	০৮ - ১২ ডিসেম্বর, ২০১৯
০৫।	Design, Construction, Operation & Maintenance of Gas Pipeline	১৮ জন	২৯ ডিসেম্বর, ২০১৯-০৯ জানুয়ারি, ২০২০
০৬।	Oil & Gas Network Analysis	১৯ জন	০২ - ০৬ ফেব্রুয়ারি, ২০২০
	মোট	১২৬ জন	
Non-Technical/Administrative & Financial			
০১।	APA Performance, Monitoring, Evaluation & Related Topics	৩৭ জন	২১ - ২৫ জুলাই, ২০১৯
০২।	Fire Fighting, First Aid and Rescue Operation	৭৭ জন	৩০ জুলাই - ০১ আগস্ট, ২০১৯
০৩।	Public Procurement Act, 2006 & PPR 2008	৪৫ জন	২৫-২৯ আগস্ট, ২০১৯
০৪।	Audit Management : Objections and Disposals	৪৩ জন	০১-০৫ সেপ্টেম্বর, ২০১৯
০৫।	Project Management	৩০ জন	১৫-২৬ সেপ্টেম্বর, ২০১৯
০৬।	Taxation and VAT Management	৩০ জন	১৩-১৭ অক্টোবর, ২০১৯
০৭।	Handling of Disciplinary Cases and Conducting Departmental Inquiry	২৫ জন	২৭-৩১ অক্টোবর, ২০১৯
০৮।	Human Resources Management (HRM) and Good Governance	৪৩ জন	১৭-২১ নভেম্বর, ২০১৯
০৯।	Occupational Safety, Health & Environmental Management	২৯ জন	২৪-২৮ নভেম্বর, ২০১৯
১০।	Techniques of Presentation Skill and Report Writing	৩৪ জন	০১-০৫ ডিসেম্বর, ২০১৯
১১।	Sustainable Development Goal (SDG)	১৯ জন	১০-১২ ডিসেম্বর, ২০১৯
১২।	Innovative Ideas & Skills	৪৭ জন	২২-২৩ ডিসেম্বর, ২০১৯
১৩।	Labor Act, Rules, Policies & Human Rights	২০ জন	১৩-১৬ জানুয়ারী, ২০২০
১৪।	Conflict and Stress Management	১৭ জন	২০-২৩ জানুয়ারী, ২০২০
১৫।	Capacity Enhancement to Facilitate Services	৪২ জন	১৬-১৭ ফেব্রুয়ারী, ২০২০
১৬।	Office Management	৩৮ জন	০১-০৫ মার্চ, ২০২০
	মোট	৫৭৬ জন	



Workshop			
০১।	Annual Confidential Report (ACR) Writing	২৮ জন	আগস্ট ৫, ২০১৯
০২।	The Right to Information Act 2009	১৮ জন	অক্টোবর ১, ২০১৯
০৩।	National Integrity Strategy [NIS]	২১ জন	অক্টোবর ৭, ২০১৯
০৪।	Geology for Non-Geologists	২০ জন	নভেম্বর ০৪-০৫, ২০১৯
০৫।	Orientation on Innovation	১৯ জন	ডিসেম্বর ৯, ২০১৯
০৬।	Annual Performance Agreement (APA)	১৮ জন	ডিসেম্বর ১৮-১৯, ২০১৯
০৭।	Annual Confidential Report (ACR) Writing	৩৭ জন	জানুয়ারী ৭, ২০২০
	মোট	১৬১ জন	
On Request			
০১।	Well Control [BAPEX]	১৬জন	22 Sept - 03 Oct, 2019
০২।	এলপিজিসিলিন্ডার-এর সঠিক ব্যবহার ও নিরাপত্তা [বিশ্ফোরক পরিদপ্তর]	৪১জন	03 October, 2019
০৩।	এলপিজিসিলিন্ডার-এরসঠিকব্যবহারওনিরাপত্তা [ওমেরাপেট্রোলিয়ামলি.]	৪০জন	06 January, 2020
০৪।	Short Foundation Training Course for TGDTCL	৪১জন	09-20 February, 2020
০৫।	Storage Handling Maintenance of POL Product and Aircraft Refueling for Bangladesh Army	২০জন	09 Feb - 05 March, 2020
	মোট	১৫৮ জন	
বিপিআই-এর কর্মকর্তা ও কর্মচারীদের জন্য প্রশিক্ষণ			
০১।	সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ	১৫জন	06 Nov, 2019
০২।	চাকরি সংক্রান্ত প্রশিক্ষণ	১৫জন	January 27, 2020
০৩।	করোনা ভাইরাস সম্পর্কিত সচেতনতামূলক অভ্যন্তরীণ প্রশিক্ষণ	২৮জন	January 30, 2020
০৪।	ই-নথি বিষয়ক অভ্যন্তরীণ প্রশিক্ষণ	১০জন	27-Feb
০৫।	জাতীয় শুদ্ধাচার কৌশল	১৬জন	08 March, 2020
০৬।	নভেল করোনা ভাইরাস (কোভিড-১৯): সচেতনতা ও সাবধানতা	৩১জন	01 June, 2020
০৭।	“বিপিআই-এর ২০২০-২১ অর্থবছরের জন্য প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন ও করোনা ভাইরাসের মহামারিকালীন প্রশিক্ষণ পদ্ধতি ও ব্যবস্থাপনা শীর্ষক অভ্যন্তরীণ কর্মশালা”	১০জন	14 June, 2020
	মোট =	১২৫জন	



বিপিআই এর ২০১৯-২০ অর্থ বছরের বরাদ্দ ও ব্যয়ের হিসাব বিবরণী

ক্রমিক নং	কোড নং	খাত	২০১৯-২০ অর্থ বছরের অনুমোদিত বাজেট বিভাজন	২০১৯-২০ অর্থ বছরের প্রস্তাবিত সংশোধিত বাজেট বিভাজন	২০১৯-২০ অর্থ বছরের ৩০ জুন/২০২০ পর্যন্ত প্রকৃত ব্যয়
		বেতন			
১	৩১১১১০১	কর্মকর্তাদের বেতন	৯১,০০,০০০.০০	৯১,০০,০০০.০০	৮৮,৪২,৬৮৫.২১
২	৩১১১২০১	কর্মচারীদের বেতন	৬২,৫০,০০০.০০	৬২,৫০,০০০.০০	৫৭,০২,৮৮০.০০
		উপমোট :	১,৫৩,৫০,০০০.০০	১,৫৩,৫০,০০০.০০	১,৪৫,৪৫,৫৬৫.২১
		ভাতাদি			
৩	৩১১১৩০১	দায়িত্বভার ভাতা	২,০০,০০০.০০	৩০,০০০.০০	১৩,৩৫৪.৮৪
৪	৩১১১৩০২	যাতায়াত ভাতা	৮০,০০০.০০	৮০,০০০.০০	৭৭,৪৪৫.১৬
৫	৩১১১৩০৬	শিক্ষা ভাতা	২,৩৫,০০০.০০	১,৯০,০০০.০০	১,৮৩,৫০০.০০
৬	৩১১১৩১০	বাড়ী ভাড়া ভাতা	৬৫,৮৬,০০০.০০	৬০,০০,০০০.০০	৫৫,৫৫,৬৯৮.৪৬
৭	৩১১১৩১১	চিকিৎসা ভাতা	৭,২০,০০০.০০	৬,০৫,০০০.০০	৫,৯৮,১৬১.২৯
৮	৩১১১৩১২	মোবাইল/ সেলফোন ভাতা	৪০,০০০.০০	২৫,০০০.০০	২২,৮৩৩.৩৩
৯	৩১১১৩১৪	টিফিন ভাতা	৮০,০০০.০০	৭০,০০০.০০	৬২,০২০.০০
১০	৩১১১৩১৬	ধোলাই ভাতা	২০,০০০.০০	১৭,০০০.০০	১৬,৮০০.০০
১১	৩১১১৩২৫	উৎসব ভাতা	২০,০০,০০০.০০	১৭,৫০,০০০.০০	১৬,৮৯,৪৬০.০০
১২	৩১১১৩২৮	শ্রান্তি ও বিনোদন ভাতা	৪,০০,০০০.০০	৫৪,০০০.০০	৫৩,১৪০.০০
১৩	৩১১১৩৩২	সম্মানী ভাতা	৭০,০০০.০০	৭০,০০০.০০	--
১৪	৩১১১৩৩৫	বাংলা নববর্ষ ভাতা	২,০০,০০০.০০	১,৮০,০০০.০০	১,৭১,০৭৬.০০
১৫	৩১১১৩৩৬	আপ্যায়ন ভাতা	১৫,০০০.০০	১১,০০০.০০	৬,৮২০.০০
১৬	৩১১১৩৩৮	অন্যান্য ভাতা(প্রশিক্ষণ ভাতা)	২,৫০,০০০.০০	২,০০,০০০.০০	১,৯১,২৩৫.০০
		উপমোট :	১,০৮,৯৬,০০০.০০	৯২,৮২,০০০.০০	৮৬,৪১,৫৪৪.০৮
১৭	৩২১১১০১	পুরস্কার/শুধ্কাচার	৭০,০০০.০০	৮৪,৭০০.০০	৮৪,৭০০.০০



বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

ক্রমিক নং	কোড নং	খাত	২০১৯-২০ অর্থ বছরের অনুমোদিত বাজেট বিভাজন	২০১৯-২০ অর্থ বছরের প্রস্তাবিত সংশোধিত বাজেট বিভাজন	২০১৯-২০ অর্থ বছরের ৩০ জুন/২০২০ পর্যন্ত প্রকৃত ব্যয়
১৮	৩২১১১২০	আবাসিক টেলিফোন নগদায়ন ভাতা	৮৪,০০০.০০	৫০,০০০.০০	৩০,৬০৫.৩৩
১৯	৩২১১১৩১	আউট সোর্সিং	৮,০০,০০০.০০	২১,০০,০০০.০০	১৮,১৮,৩৯৩.৬৫
২০	৩২৫৮১৪০	প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাদের গাড়ী রক্ষণাবেক্ষণ ব্যয়	১২,০০,০০০.০০	৮,২৫,০০০.০০	৮,২৫,০০০.০০
		উপমোট :	২১,৫৪,০০০.০০	৩০,৫৯,১০০.০০	২৭,৫৮,৬৯৮.৯৮
২১	৩২৫৭১০৩	রিসার্চ	১,০০,০০০.০০	১,০০,০০০.০০	--
		উপমোট :	১,০০,০০০.০০	১,০০,০০০.০০	--
	৩২১১১ সরবরাহ ও সেবা				
২২	৩১১১৩২৬	ভ্রমন ভাতা	১,০০,০০০.০০	১৩,২০০.৭৫	১৩,২০০.৭৫
২৩	৩১১১৩২৭	অধিকাল ভাতা	৩,০০,০০০.০০	৫৪,৭৪২.৭৮	৫৪,৭৪২.৭৮
২৪	৩২২১১০৮	বীমা/ব্যাংক চার্জস	২,০০,০০০.০০	১,৩৫,৮৪৪.০০	১,৩৫,৮৪৪.০০
২৫	৩২১১১১৩	বিদ্যুৎ	৪,০০,০০০.০০	৩,৭৪,৯১২.০০	৩,৭৪,৯১২.০০
২৬	৩২১১১১৫	পানি	৫০,০০০.০০	২৪,৩৫৩.০০	২৪,৩৫৩.০০
২৭	৩২১১১১৭	ইন্টারনেট/ফ্যাক্স/ট্যালেক্স	১,০০,০০০.০০	১,৪৭৮.২৫	১,৪৭৮.২৫
২৮	৩২১১১১৯	ডাক	১০,০০০.০০	--	--
২৯	৩২১১১২০	টেলিফোন	১,০০,০০০.০০	৯৯,৭৬৫.০০	৯৯,৭৬৫.০০
৩০	৩২১১১২১	ভাড়া সরঞ্জামাদি	৫০,০০০.০০	৩১,৮৫০.০০	৩১,৮৫০.০০
৩১	৩২১১১২৫	প্রচার ও বিজ্ঞাপন	২,৫০,০০০.০০	১,৩৪,৫৯৬.০০	১,৩৪,৫৯৬.০০
৩২	৩২১১১২৭	বইপত্র ও সাময়িকী	২৫,০০০.০০	৩৭,৫৪৪.৮০	৪২,০৩২.৮০
৩৩	৩২১১১৩০/৩ ২৪১১০১	যাতায়াত খরচ/ ভ্রমন ব্যয়	৭০,০০০.০০	৪৯,৯৭০.০০	৪৯,৯৭০.০০
৩৪	৩২৪১১০২	বদলী ব্যয়	৫,০০০.০০	--	--
৩৫	৩২৪৩১০২	গ্যাস ও জ্বালানি	১২,০০০.০০	১১,৭০০.০০	১১,৭০০.০০
৩৬	৩২৪৩১০১	সিএনজি, পেট্রোল ও লুব্রিক্যান্ট	৬,০০,০০০.০০	৩,৪৫,১৮০.০২	৩,৪৫,১৮০.০২



বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

ক্রমিক নং	কোড নং	খাত	২০১৯-২০ অর্থ বছরের অনুমোদিত বাজেট বিভাজন	২০১৯-২০ অর্থ বছরের প্রস্তাবিত সংশোধিত বাজেট বিভাজন	২০১৯-২০ অর্থ বছরের ৩০ জুন/২০২০ পর্যন্ত প্রকৃত ব্যয়
৩৭	৩৮২১১০১	কাষ্টম, শুল্ক/ভ্যাট	--	--	--
৩৮	৩৮২১১০২	ভূমি উন্নয়ন কর	১০,০০০.০০	৩,০০০.০০	৩,০০০.০০
৩৯	৩৮২১১০৩	পৌর কর	৬০,০০০.০০	৫১,৩২২.০০	৫১,৩২২.০০
৪০	৩২৩১১০১	বৈদেশিক প্রশিক্ষণ	১২,০০,০০০.০০	৬,৪৩,১৩৪.০০	৬,৪৩,১৩৪.০০
৪১	৩২৩১২০১ (আভ্যন্তরীণ প্রশিক্ষণ)	ক) প্রশিক্ষণ ফি	১০,০০,০০০.০০	৬,৩২,৫৫০.০০	৬,৩২,৫৫০.০০
৪২		খ) যৌথ উদ্যোগে আয়োজিত প্রশিক্ষণ কোর্স/সেমিনার/ কর্মশালার ফি	৩,০০,০০০.০০	২,৪৯,৬০০.০০	২,৪৯,৬০০.০০
৪৩		গ) কোর্স ব্যবস্থাপনা ফি	২,০০,০০০.০০	৩,০৯,৮০০.০০	৩,০৯,৮০০.০০
৪৪		ঘ) ফিল্ড ভিজিট	১,৫০,০০০.০০	১৮,৮৮০.০০	১৮,৮৮০.০০
৪৫		ঙ) ব্যাগ ক্রয়(প্রশিক্ষণার্থীদের জন্য)	৭,৫০,০০০.০০	৩,৬০,৯৩৩.০০	৩,৬০,৯৩৩.০০
৪৬	৩১১১৩২৯	প্রশিক্ষণ ভাতা	২,০০,০০০.০০	১,১৪,৮০০.০০	১,১৪,৮০০.০০
৪৭	৩২১১১০৬	আপ্যায়ন ব্যয়(প্রশিক্ষণের আপ্যায়নসহ)	২৫,০০,০০০.০০	১৯,২৮,৯৬০.০০	১৯,২৮,৯৬০.০০
৪৮	৩২৫৫১০২	মুদ্রণ ও প্রকাশনা	২৫,০০০.০০	--	--
৪৯	৩২৫৫১০৪	স্ট্যাম্পস ও সিল	২৫,০০০.০০	৩,৩৭২.৬০	৩,৩৭২.৬০
৫০	৩২৫৫১০৫	অন্যান্য স্টেশনারী	৩,০০,০০০.০০	২,৮৪,৮৭৮.০৪	২,৮৪,৮৭৮.০৪
৫১	৩২৫৬১০৬	ইউনিফর্ম	১,৭৫,০০০.০০	৮১,৪৫০.০০	৮১,৪৫০.০০
৫২	৩২৫৭১০৫	ইনোভেশন	২,০০,০০০.০০	--	--
৫৩	৩২৫২১০১	বিছানা পত্র	২৫,০০০.০০	--	--
৫৪	৩২১১১০২	পরীক্ষার পরিচ্ছন্নতা(ফোর্স একাউন্ট)	২৩,০০০.০০	১৪,৯৫০.০০	১৪,৯৫০.০০
৫৫	৩১১১৩৩২	ক) প্রশিক্ষকের সম্মানী	২০,০০,০০০.০০	২৩,২১,৬০০.০০	২৩,২১,৬০০.০০
৫৬	(সম্মানী)	খ) প্রশিক্ষণার্থীদের পরীক্ষার খাতা মূল্যায়নের জন্য পরীক্ষকের সম্মানী	৫,০০০.০০	২,৮৪০.০০	২,৮৪০.০০



বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

ক্রমিক নং	কোড নং	খাত	২০১৯-২০ অর্থ বছরের অনুমোদিত বাজেট বিভাজন	২০১৯-২০ অর্থ বছরের প্রস্তাবিত সংশোধিত বাজেট বিভাজন	২০১৯-২০ অর্থ বছরের ৩০ জুন/২০২০ পর্যন্ত প্রকৃত ব্যয়
৫৭		গ) গভর্নিং বোর্ডের সদস্যদের সম্মানী	২,০০,০০০.০০	৮৪,০০০.০০	৮৪,০০০.০০
৫৮		ঘ) দরপত্র মূল্যায়ন কমিটির সদস্যদের সম্মানী	৩০,০০০.০০	২৪,৪০০.০০	২৪,৪০০.০০
৫৯		ঙ) কর্মকর্তা/ কর্মচারী নিয়োগ/পদোন্নতি এবং চাকুরী নিয়মিতকরণ/ স্থায়ীকরণ বিষয়ক কমিটির সদস্যদের সম্মানী	১,২০,০০০.০০	--	--
৬০		চ) সাপোর্ট স্টাফ এর ফি /সম্মানী	১০,০০০.০০	--	--
৬১	৩২২১১০১	অডিট ফি	২,০০,০০০.০০	১,১০,০০০.০০	১,১০,০০০.০০
৬২	৩২২১১১২	লোকবল নিয়োগ সংক্রান্ত প্রতিষ্ঠান নিয়োগ	১০,০০,০০০.০০	--	--
৬৩	৩২১১১১০	আইন ও মোকদ্দমা সংক্রান্ত	১০,০০০.০০	--	--
৬৪	৩২৫৬১০১	অন্যান্য ব্যয়	২,৫০,০০০.০০	২,৫৩,৭৭২.৪৩	২,৫৩,৭৭২.৪৩
		উপমোট :	১,৩২,৪০,০০০.০০	৮৮,১৩,৮৬৬.৬৭	৮৮,১৩,৮৬৬.৬৭
		৩২৫৮১ মেরামত ও সংরক্ষণ			
৬৫	৩২৫৮১০১	মোটর যানবাহন	২,০০,০০০.০০	১,৭৮,০৯৯.৪০	১,৭৮,০৯৯.৪০
৬৬	৩২৫৮১০২	আসবাবপত্র	১,০০,০০০.০০	৩৯,২০৬.১০	৩৯,২০৬.১০
৬৭	৩২৫৮১০৩	কম্পিউটার ও অফিস সরঞ্জাম	১,০০,০০০.০০	৫,৬২৭.৭৫	৫,৬২৭.৭৫
৬৮	৩২৫৮১০৫	যন্ত্রপাতি ও সরঞ্জাম	১,০০,০০০.০০	২০,২৩১.২৫	২০,২৩১.২৫
৬৯	৩২৫৮১০৭	অফিস ভবন	৫০,০০০.০০	৪৯,১১৪.১৩	৪৯,১১৪.১৩
৭০	৩২৫৮১১৯	বৈদ্যুতিক সরঞ্জাম ক্রয় মেরামত ও রক্ষণাবেক্ষণ	২,০০,০০০.০০	৪৪,৯৪৮.১৫	৪৪,৯৪৮.১৫
৭১	৩২৫৮১২৬	টেলিযোগাযোগ সরঞ্জাম	৫০,০০০.০০	১,০৬২.১৫	১,০৬২.১৫
৭২	৩২৫৮১১৫	অন্যান্য মেরামত ও সংরক্ষণ(পানির লাইন সংস্কার/ বর্ধিত করণসহ)	৩০,০০০.০০	১,৮৪০.০০	১,৮৪০.০০



বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

ক্রমিক নং	কোড নং	খাত	২০১৯-২০ অর্থ বছরের অনুমোদিত বাজেট বিভাজন	২০১৯-২০ অর্থ বছরের প্রস্তাবিত সংশোধিত বাজেট বিভাজন	২০১৯-২০ অর্থ বছরের ৩০ জুন/২০২০ পর্যন্ত প্রকৃত ব্যয়
		উপমোট :	৮,৩০,০০০.০০	৩,৪০,১২৮.৯৩	৩,৪০,১২৮.৯৩
৭৩	৩৪২১৫০৬	কম্পিউটারী ভবিষ্য তহবিল	৭,০০,০০০.০০	--	--
	অবসর ভাতা ও আনুতোষিক				
৭৪	৩৭৩১১০১	আনুতোষিক	৪০,০০,০০০.০০	৩৫,৪৫,৩৮০.০০	৩৫,৪৫,৩৮০.০০
	সম্পদ সংগ্রহ / ক্রয়				
৭৫	৪১১২১০১	মোটরযান	২,০০,০০০.০০	--	--
৭৬	৪১১২২০২	কম্পিউটার ও যন্ত্রাংশ	১,০০,০০০.০০	--	--
৭৭	৪১১৩৩০১	কম্পিউটার সফটওয়্যার	১০,০০,০০০.০০	--	--
৭৮	৪১১২৩১০	অফিস সরঞ্জাম	২০,০০০.০০	৫,২০১.২৫	৫,২০১.২৫
৭৯	৪১১২৩১৪	আসবাবপত্র	১,০০,০০০.০০	১৩,২৪৯.৫০	১৩,২৪৯.৫০
		উপমোট :	১৪,২০,০০০.০০	১৮,৪৫০.৭৫	১৮,৪৫০.৭৫
		সর্বমোট :	৪,৮৬,৯০,০০০.০০	৪,০৪,৮৯,৫২৬.৩৫	৩,৮৬,৪৩,৬৩৪.৬২